

## আপনার Green Cart পারমিট কীভাবে পাবেন

1. যদি আপনার কাছে আগে থেকেই কোনো ব্রাম্যমাণ ফুড ভেন্ডিং লাইসেন্স (Mobile Food Vending License) না থাকে, তাহলে একটি প্রাপ্ত করুন। লাইসেন্স কীভাবে পেতে হয় সে সম্পর্কে তথ্যের জন্য, [nyc.gov/health/mobilefood](http://nyc.gov/health/mobilefood) দেখুন অথবা 311 নম্বরে কল করুন এবং "Mobile Food Vending License"-এর জন্য জিজ্ঞাসা করুন।



2. [nyc.gov/greencarts](http://nyc.gov/greencarts)-এ গিয়ে অথবা 311 -এ কল করে এবং "Green Cart Waiting List Application" চেয়ে একটি Green Cart ওয়েটিং লিস্ট আবেদনপত্র (Waiting List Application Form) পান।



3. Green Cart ওয়েটিং লিস্ট আবেদনপত্রটি মেইল বা ইমেইলের মাধ্যমে পূরণ করুন এবং জমা দিন, অথবা [nyc.gov/greencarts](http://nyc.gov/greencarts) ওয়েবসাইটে অনলাইনে আবেদনপত্রটি পূরণ করুন।



4. আপনার Green Cart ওয়েটিং লিস্ট আবেদনপত্র গৃহীত হয়েছে তা নিশ্চিত করে আপনি নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য বিভাগ থেকে একটি চিঠি পাবেন। ওয়েটিং লিস্টে আপনার স্থান নিশ্চিত হলে, আপনি আপনার Green Cart পারমিটের আবেদন সম্বলিত একটি দ্বিতীয় চিঠি পাবেন।



5. আপনার Green Cart পারমিটের আবেদনপত্র পূরণ করে জমা দিন।



6. আপনার Green Cart পারমিটের আবেদনপত্রের পর্যালোচনা সম্পন্ন হলে আপনি একটি চিঠি পাবেন। এরপর আপনার কাছে আপনার Green Cart টি নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য বিভাগের সাইটে প্রি-পারমিট পরিদর্শনের জন্য নিয়ে আসার জন্য ছয় মাস সময় থাকবে।



7. যদি আপনার Green Cart পরিদর্শনে উত্তীর্ণ হয়, তাহলে নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য বিভাগের পরিদর্শক আপনার কার্টে একটি পারমিট ডিকাল সংযুক্ত করবেন যাতে আপনি বিক্রী শুরু করতে পারেন।



8. চার সপ্তাহের মধ্যে আপনি ডাকযোগে আপনার অনুমতিপত্রটি পেয়ে যাবেন। অভিনন্দন! আপনি এখন একজন Green Cart বিক্রেতা।

আরো তথ্যের জন্য, ভিজিট করুন [nyc.gov/greencarts](http://nyc.gov/greencarts).